

ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুর রাসূল (ছাঃ) (ৠৄর আন্তর্নার ত্রাক্রিতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

মাসবৃকের ছালাত (ত্র্মান্ট্রান্

কেউ ইমামের সাথে ছালাতের কিছু অংশ পেলে তাকে 'মাসবূক' বলে। মুছল্লী ইমামকে যে অবস্থায় পাবে, সে অবস্থায় ছালাতে যোগদান করবে। [239] ইমামের সাথে যে অংশটুকু পাবে, ওটুকুই তার ছালাতের প্রথম অংশ হিসাবে গণ্য হবে। রুকু অবস্থায় পেলে স্রেফ সূরায়ে ফাতিহা পড়ে রুকুতে শরীক হবে। 'ছানা' পড়তে হবে না। সূরায়ে ফাতিহা পড়তে না পারলে রাক'আত গণনা করা হবে না। মুসাফির কোন মুকীমের ইকতিদা করলে পুরা ছালাত আদায় করবে। অতএব রুকু, সিজদা, বৈঠক যে অবস্থায় ইমামকে পাওয়া যাবে, সেই অবস্থায় জামা'আতে যোগদান করবে। তাতে সে জামা'আতের পূর্ণ নেকী পেয়ে যাবে। [240] রাসূলুল্লাহ (ছাঃ) এরশাদ করেন, গৌদান করবে। তাতে কামা'আতের পূর্ণ কেকী পেয়ে যাবে। তামরা পাও সেটুকু আদায় কর এবং যেটুকু বাদ পড়ে, সেটুকু পূর্ণ কর'। [241]

ফুটনোট

[239]. তিরমিয়ী হা/৫৯১, মিশকাত হা/১১৪২ 'ছালাত' অধ্যায়-৪, 'মুক্তাদীর করণীয় এবং মাসব্কের হুকুম' অনুচ্ছেদ-২৮, পরিচ্ছেদ-২; ছহীহুল জামে' হা/২৬১।

[240]. আবুদাঊদ হা/৫৬৪; ঐ, মিশকাত হা/১১৪৫ 'ছালাত' অধ্যায়-৪, 'মুক্তাদীর করণীয় এবং মাসবূকের হুকুম' অনুচ্ছেদ-২৮।

[241]. মুত্তাফাৰু 'আলাইহ, মিশকাত হা/৬৮৬ 'দেরীতে আযান' অনুচ্ছেদ-৬; নায়ল ৪/৪৪-৪৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9217

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন